১২২৬৫

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭১১২০৩৯১/2660/9/ নথি নং-৮৮ - 202 তারিখঃ 22.০২.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ** **অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন সুরাশ্রম দারুস সালাম দাখিল মাদ্রাসার সহকারী মৌলভীকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে নিয়মিত সুপারকে দায়িত্ব প্রদান ও সমুদয় বেতন ভাতাদি প্রদানের আদেশ দানসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে সুপার মোঃ মোঃ আব্দুছ ছালাম অত্র বোর্ডে কাগজপত্রসহ আবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৪ (চার) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

22.02.18
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭১১২০৩৯১/_________/ নথি নং-______ তারিখঃ .০২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:
১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, সুরাশ্রম দারুস সালাম দাখিল মাদ্রাসা, ডাকঘর- গাংগাইল, নান্দাইল, ময়মনসিংহ।
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, সুরাশ্রম দারুস সালাম দাখিল মাদ্রাসা, ডাকঘর- গাংগাইল, নান্দাইল, ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# [illegible] রুস্‌সালাম দাখিল মাদ্‌রাসা

স্থাপিত : ১৯৮৪ইং

ডাকঘর : গাংগাইল, উপজেলা : নান্দাইল, জেলা : ময়মনসিংহ

EIIN No : 112039
মাদ্‌রাসা কোড : ১২১৩৬
পোষ্ট কোড : ২২৯১
উপজেলা কোড : ২৬৭
জেলা কোড : ২১

মাদ্রাসার কোড- ১২১৩৬

বরাবর,
চেয়ারম্যান,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়ঃ- সহকারী মৌলভীকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে নিয়মিত সুপারকে দায়িত্ব প্রদান ও সমুদয় বেতন ভাতাদি প্রদানের আদেশ দান প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ আব্দুছ ছালাম সুপার সুরাশ্রম দারুস সালাম দাখিল মাদ্রাসা, নান্দাইল, ময়মনসিংহ।এই মর্মে আবেদন করিতেছি যে, বিগত ০৮/০১/৯৪ খ্রিঃ তারিখ অত্র মাদ্রাসায় সুপার পদে যোগদান করি এবং ০১/০৫/৯৪ খ্রিঃ তারিখ এম পি ও ভূক্ত হই। কাজে যোগদানের পর যথাযথ ও সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করিয়া আসিতে ছিলাম। অত্র মাদ্রাসার কতিপয় শিক্ষকের যোগ সাজশে আমাকে চাকুরিচ্যূত করার হীন উদ্দেশ্যে জনৈক ইসহাক মিয়া বিগত ২৪/০৬/২০০৭ খ্রিঃ তারিখ আমার বিরুদ্ধে ঘুষ নেওয়ার এক মিথ্যা অভিযোগ উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল, ময়মনসিংহ, বরাবর দাখিল করে (সংযুক্ত অভিযোগের ফটোকপি-১) এর প্রেক্ষিতে ৩০/০৭/২০০৭ খ্রিঃ তারিখ শুনানীর জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নান্দাইল, ময়মনসিংহ মাদ্রাসায় আসেন। শুনানী কালে আমার কোন কথা না শুনিয়া আমাকে লিখিত বক্তব্য পেশ করার জন্য বলায় ৩১/০৭/০৭ খ্রিঃ তারিখ অভিযোগের বিষয়ে দালিলিক প্রমানাদি সহ লিখিত বক্তব্য পেশ করি(সংযুক্ত লিখিত বক্তব্যের ফটোকপি-২)। আমার দাখিল কৃত বক্তব্য ও প্রমানাদি কোনরূপ আমলে না নিয়ে অভিযোগ কারীর পক্ষে সম্পূর্ন মিথ্যা ও মনগড়া এক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল, ময়মনসিংহ বরাবর দাখিল করেন। বিগত ১৪/১১/০৭ খ্রিঃ তারিখ এডহক কমিটির সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় অভিযোগের বিষয়ে আমার মৌখিক জবাব ও উপস্থাপিত দালিলিক প্রমানাদি প্রত্যাখান করিয়া আমার প্রতি ক্ষিপ্ত হইয়া সভায় উপস্থিতির স্বাক্ষর সম্বলিত রেজুলেশন খাতা তাহার কব্জে নিয়া যান। পরবর্তীতে অন্যের দ্বারা রেজুলেশন লিখাইয়া নেন। ২০/১১/০৭ খ্রিঃ তারিখ আমাকে অভিযোগের বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রদান করায় নোটিশের উপযুক্ত কারণ দর্শানোর স্বার্থে তদন্ত প্রতিবেদন, তদন্তকালে প্রদত্ত স্বাক্ষী গনের জবানবন্দি ও ১৪/১১/০৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের কপি সরবরাহ এবং সুষ্ঠ জবাব দানের জন্য ১ মাসের সময় চাহিয়া ০৫/১২/০৭ ও ০৬/১২/০৭ খ্রিঃ তারিখ পৃথক ২টি আবেদন মহোদয় বরাবর ডাকযোগে প্রেরন করি (সংযুক্ত আবেদন ও ডাক রশিদের ফটোকপি- ৩)। ০৬/০১/০৮ খ্রিঃ তারিখ হঠাৎ অসুস্থ হইয়া একখানা ছুটির দরখাস্ত উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর লোকমারফত প্রেরন করি। ছুটির দরখাস্ত গ্রহন না করিয়া আমার প্রতি ক্ষিপ্ত হইয়া স্বশরীরে হাজির হইয়া কারণ দর্শানোর জন্য পুনরায় ১০/০১/০৮ খ্রিঃ তারিখ আমাকে নোটিশ প্রদান করেন। আমার আবেদন মোতাবেক আমাকে উল্লেখিত কাগজ পত্রাদি সরবরাহ না করায় কারণ দর্শানো নোটিশের যথাযথ জবাব দেওয়ার বৈধ অধিকার থেকে আমাকে বঞ্চিত করা হইয়াছে।

চিকিৎসাধীন থাকা অবস্থায় ২৩/০১/০৮ খ্রিঃ তারিখ পুনরায় ডাকযোগে ছুটির দরখাস্ত দাখিল করি (সংযুক্ত দরখাস্ত ও ডাক রশিদের ফটোকপি-৪)। সুস্থ্য হওয়ার পর ডাক্তারি সনদসহ ৬/১/০৮ খ্রিঃ তারিখ হইতে ৬/৩/০৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ের চিকিৎসা ছুটি চাহিয়া পুনরায় দরখাস্ত দাখিল করি (সংযুক্ত দরখাস্ত ও ডাক্তারি সনদের ফটোকপি-৫)।

চিকিৎসাধীন থাকা কালীন ০৫/০২/০৮ খ্রিঃ তারিখ শিক্ষক কর্মচারীদের জানুঃ/০৮ মাসের সরকারী অংশের বেতন ভাতার বিল তৈরি করার জন্য অত্র মাদ্রাসার বিশ্বস্থ শিক্ষক মোঃ আবুল কাশেম সাহেব মাদ্রাসার আলমারির ২ টি চাবি অমার নিকট থেকে বুঝিয়া নিয়া (কপি সংযুক্ত-৬) মাদ্রাসার আলমারি খুলিয়া বিল সংক্রান্ত ফাইল পত্রাদি অফিস সহকারী রুবিনা আক্তারকে বুঝাইয়া দেওয়ার পর অত্র মাদ্রাসার সহ-সুপার মোঃ উমর ফারুক সাহবে, কাশেম সাহেবের নিকট থেকে জোর পূর্বক মাদ্রাসার আলমারির ২টি চাবি ছিনাইয়া নিয়া যান। চাবি ছিনাইয়া নেওয়ার বিষয়ে ঐ দিনই নান্দাইল থানায় জিডি করা হইয়াছে জিডি নং- ১৭১ (সংযুক্ত জিডির ফটোকপি-৭)।

মাদ্রাসার ফাইল পত্র ও কাগজ পত্রাদি গোপন করিয়া সহ-সুপার সাহবে মাদ্রাসার ক্ষতি সহ আমাকে বিপদে ফেলিতে পারেন এরূপ আশংকায় চাবি উদ্ধারের জন্য ৭/২/০৮ খ্রিঃ তারিখ উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর লিখিত আবেদন দাখিল করা সত্তেও চাবি উদ্ধারের কোনরূপ পদক্ষেপ গ্রহন করেন নাই (সংযুক্ত আবেদন পত্রের ফটোকপি-৮)।

এমতবস্থায় জনৈক ইসহাক মিয়া কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে প্রতিকার ও ন্যায় বিচার পাওয়ার আশায় ১৩/০২/০৮ খ্রিঃ তারিখে সিনিয়র জজ আদালত নান্দাইল , ময়মনসিংহ কোর্টে মোকদ্দমা নং- ১৮/০৮ দায়ের করি (সংযুক্ত ১৮/০৮ মোকদ্দমার ফটোকপি-০৯)। ৯/০৩/০৮ খ্রিঃ তারিখ শিক্ষক কর্মচারীদের ডিসেঃ/০৭, জানুঃ/০৮ ও ফেব্রুঃ/০৮ মাসের সরকারী অংশের বেতন ভাতার বিল যথাযথভাবে তৈরি করিয়া সদয় প্রতি স্বাক্ষরের জন্য উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল মহোদয়ের কার্যালয়ে দাখিল করার পরও শিক্ষক কর্মচারীগন বিলে স্বাক্ষর না করায় বিল উত্তোলন করা সম্ভবপর

হয় নাই (সংযুক্তি বিল দাখিলের আবেদনের ফটোকপি- ১০)। এদিকে সহ-সুপার সাহেব চাবি ছিনাইয়া নেওয়ার পর মাদ্রাসার সকল ফাইল পত্র, খাতাপত্র ও প্রয়োজনীয় কাগজ পত্রাদি তাহার তত্ত্বাবধানে নিয়া ১০/০৩/০৮ খ্রিঃ তারিখ কতিপয় শিক্ষকের যোগ সাজশে আমাকে চাকুরিচ্যুত করার হীন উদ্দেশ্যে - ৩৫,০০০/ টাকা আত্নসাতের এক ভিত্তিহীন ও মিথ্যা ফৌজদারী মামলা দায়ের করেন মামলা নং - নান্দইল থানা-০৪(০৩) ০৮ জি আর নং- ৪২/০৮ (কপি সংযুক্ত-১১)। উক্ত মামলায় ২৫/০৩/০৮ খ্রিঃ তারিখ সেচ্ছায় আত্নসমর্পন করিয়া কোর্টে হাজির হইয়া জামিনের আবেদন করিলে চীপ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ময়মনসিংহ জামিন আবেদন না মঞ্জুর করিয়া আমাকে জেলহাজতে প্রেরন করেন। ২৭/০৩/০৮ খ্রিঃ তারিখ আমি জামিনে মুক্ত হই (সংযুক্ত জামিন আদেশের ফটোকপি-১২)। অবাকের বিষয় আমাকে হাজতে প্রেরনের অজুহাতে কোর্টের কোন আদেশ না পাওয়া সত্ত্বেও ঐ ২৫/০৩/০৮ খ্রিঃ তারিখেই কাকতালিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় মাদ্রাসার সহ-সুপারকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করেন। যাহা ন্যায় বিচারের সম্পূর্ণ পরিপন্থী (সংযুক্ত আদেশের ফটোকপি-১৩)।

এমতাবস্থায় সহ সুপার সাহেব ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পাইয়া চাবি ছিনাইয়া নেওয়ার ৪৮ দিন পর উপজেলা মৎস অফিসারের উপস্থিতিতে মাদ্রাসার আলমারী ভাঙ্গিয়া পূর্বেই তাহার তত্ত্বাবধানে নিয়ে যাওয়ার অবশিষ্ট কাগজ পত্রাদি তালিকা করিয়া বুঝিয়া নেন। পরবর্তীতে মাদ্রাসার ক্যাশবহি,রেজুলেশন খাতা, ২০০৮/দাখিল পরীক্ষাথীদের রেজিঃকার্ড ও অন্যান্য কাগজ পত্রাদি পাওয়া যায় নাই মর্মে উল্লেখিত কাগজ পত্রাদি জমা দেওয়ার জন্য আমাকে নোটিশ প্রদান করেন। উল্লেখিত ক্যাশ বহি সহ সকল ফাইল পত্র ও রেজিঃ কার্ড ২০০৮ মাদ্রাসা অফিসের আলমারিতে যথাযথ ভাবে সংরক্ষিত ছিল মর্মে নোটিশের জবাব দেওয়া হইয়াছে। মাদ্রাসার সহকারী মৌলভী এ.কে.এম ওমর ফারুক ভারপ্রাপ্ত সুপারকে ভয় দেখিয়ে দায়িত্ব পালনে অপারগ এই মর্মে লিখিত নিয়া ১১/১২/১০ খ্রিঃ তারিখ ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব গ্রহন করেন। ১/১২/০৭ খ্রিঃ তারিখ হইতে মাদ্রাসা কর্তৃপক্ষ আমাকে বেতন ভাতাদি না দেওয়ায় আমার এক আবেদনের প্রেক্ষিতে মাননীয় আদালত ৬/৯/১০ খ্রিঃ তারিখ ৪১ নম্বর আদেশে আমাকে বেতন ভাতাদি দেওয়ার নির্দেশ দেন। আদালতের আদেশের কপি সহ ১৫/১২/১০ খ্রিঃ তারিখ সভাপতি বরাবর বেতন ভাতাদি প্রদানের জন্য আবেদন করি (সংযুক্ত আবেদনের ফটোকপি-১৪) তথাপি আমাকে বেতন ভাতাদি দেওয়া হয় নাই।

বিগত ২৮/০২/১১ খ্রিঃ তারিখ আদালত কর্তৃক ১৮/০৮ অন্য মামলার রায় ঘোষনা করা হইয়াছে । রায়ের পর্যালোচনায় অভিযোগ কারী ইসহাক মিয়া কর্তৃক নার্গিস সুলতানাকে পুত্রবধু দাবী করা ও তার চাকুরির জন্য ঘুষ লেনদেনের দাবী সম্পূর্ণ মিথ্যা মর্মে আদালতের নিকট প্রতিয়মান হয় (সংযুক্ত১৮/০৮ অন্য মামলার রায়ের কপি-১৫)। বিগত ২৭/০৬/১৬ খ্রিঃ তারিখ আমার বিরুদ্ধে দায়ের কর্তৃক জি আর ৪২/০৮ মামলার রায়ে বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ময়মনসিংহ আমাকে খালাস প্রদান করেন(সংযুক্ত রায়ের ফটোকপি-১৬) । রায়ের কপি প্রাপ্ত হইয়া উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ২২/০৮/১৬ খ্রিঃ তারিখ আমাকে সুপারের দায়িত্ব বুঝাইয়া দেওয়ার জন্য বর্তমান সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে আদেশ দেন (সংযুক্ত আদেশের ফটোকপি-১৭)। আমি মাদ্রাসায় যাইয়া ভারপ্রাপ্ত সুপার সাহেবকে দায়িত্ব বুঝাইয়া দেওয়ার কথা বলিলে তিনি আমাকে দায়িত্ব বুঝাইয়া দিতে অস্বীকার করেন। অত:পর বিষয়টি ৬/৯/১৬ খ্রিঃ তারিখ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অবহিত করিয়াছি (কপি সংযুক্ত-১৮) । ভারপ্রাপ্ত সুপার দায়িত্ব বুঝাইয়া দেওয়ার আদেশ পাওয়ার পর ৯/৮/১৬ খ্রিঃ তারিখ বেক ডেইটে ম্যানেজিং কমিটির সভা আহব্বান করে আমাকে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত গ্রহন করা হলে ১৪/০৮/১৬ খ্রিঃ তারিখ বেক ডেইটে সভাপতি মহোদয় কর্তৃক স্বাক্ষরিত সম্পূর্ন মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ সম্বলিত(যাহার সাথে আমি আদৌ জড়িত নই) সাময়িক বরখাস্তের চিঠি ১৮/০৯/১৬ খ্রিঃ তারিখ ডাক যোগে আমার নিকট প্রেরন করেন (সংযুক্ত খাম সহ চিঠির ফটোকপি-১৯)।

উল্লেখ্য যে, মাদ্রাসা শিক্ষা বোর্ড ম্যানেজিং কমিটির অনুমোদন পত্রে সুপারকে সদস্য সচিব মনোনীত করিয়াছেন (কপি সংযুক্ত-২০) । এমতাবস্থায় ভারপ্রাপ্ত সুপার কর্তৃক ম্যানেজিং কামিটির সভা আহবান করা সম্পূর্ণ বে-আইনি ও এখতিয়ার বহির্ভূত। বেক ডেইট ব্যবহার করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস আদেশ প্রাপ্তির আগেই কৌশলে আমাকে সাময়িক বরখাস্তদেখানো হইয়াছে। ইতি পূর্বে ভারপ্রাপ্ত সুপার সাহেব তার একক সিদ্ধান্তে বিগত ১০/০৪/১১ খ্রিঃ তারিখ আমাকে চূড়ান্ত বরখাস্তের কারণ দর্শানোর নোটিশ দেন (কপি সংযুক্ত-২১)। আমি ২১/৪/১১ খ্রিঃ তারিখ নোটিশের যথাযথ জবাবও প্রদান করিয়াছি (সংযুক্ত চুড়ান্ত নোটিশের জবাবের ফটোকপি-২২)। চুড়ান্ত নোটিশের জবাব প্রাপ্ত হইয়া দীর্ঘদিন পর কি অপরাধে মাদ্রাসা কর্তৃপক্ষ আমাকে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত নিয়াছেন তাহা আমার বোধগম্য নয়। তবে ১/৯/১৬ খ্রিঃ তারিখ হইতে আমাকে খোরপোষ ভাতা হিসেবে অর্ধেক বেতন প্রদান করা হইতেছে। ২৬/০৯/১৭ খ্রিঃ তারিখ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ৬০ দিনের বেশি সময় সাময়িক বরখাস্ত কৃত শিক্ষকের সমুদয় বেতন ভাতাদি প্রদানের নির্দেশনা দেওয়া হলে আমি ১/১০/১৭ খ্রিঃ তারিখ আমাকে সমুদয় বেতন ভাতাদি প্রদান করার জন্য সভাপতি মহোদয় বরাবর এক আবেদন পত্র দাখিল করিয়াছি। কিন্তু অদ্যাবদি আমাকে সমুদয় বেতন ভাতাদি প্রদান করা হইতেছে না (সংযুক্ত এম.পি.ও

ও বেতন ভাতার বিল বিবরনীর ফটোকপি-২৩)। প্রায় দীর্ঘ ১০টি বছর আমি সুপারের ন্যায্য দায়িত্ব থেকে বঞ্চিত। এমতাবস্থায় আমি হাল ছেড়ে দেই নাই। আমার দৃঢ় বিশ্বাস একদিন আমি ন্যায় বিচার পাবই ইনশাআল্লাহ। দীর্ঘ ৯ বছর যাবৎ বেতন ভাতাদি না পাওয়ায় ছেলে মেয়েদের লেখাপড়ার খরচ ও পরিবারের ভরনপোষনের খরচ চালাইতে আমি মানবেতর দিনাতিপাত করিতেছি।

অতএব মহোদয় সমীপে প্রার্থনা যে, উল্লেখিত বিবরণাদির আলোকে সুবিবেচনা পূর্বক সহকারী মৌলভী এ.কে.এম ওমর ফারুক সাহেবকে সুপারের দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে আমাকে সুপারের দায়িত্ব প্রদান ও সমুদয় বেতন ভাতাদি প্রদান করিয়া প্রতি-পালন করিতে আজ্ঞা হন।

তারিখ- ১১/১২/১৭ খ্রিঃ

নিবেদন, ইতি।
নিবেদক
আপনার একান্ত অনুগত
(স্বাক্ষর)
মোঃ আব্দুস সালাম
সুপার
সুরাশ্রম দারুস সালাম দাখিল মাদ্রাসা
নান্দাইল, ময়মনসিংহ।
(মোবাইল:- 01720210108.

সংযুক্তিঃ-

১। অভিযোগের ফটোকপি।
২। লিখিত বক্তব্যের ফটোকপি।
৩। আবেদন ও ডাক রশিদের ফটোকপি।
৪। দরখাস্ত ও ডাক রশিদের ফটোকপি।
৫। দরখাস্ত ও ডাক রশিদের ফটোকপি।
৬। চাবি বুঝিয়া নেওয়ার আবেদনের ফটোকপি।
৭। জিডির ফটোকপি।
৮। আবেদন পত্রের ফটোকপি।
৯। ১৮/০৮ মোকদ্দমার ফটোকপি।
১০। বিল দাখিলের আবেদনের ফটোকপি।
১১। জি আর ৪২/০৮ মামলার ফটোকপি।
১২। জামিন আদেশের ফটোকপি।
১৩। নির্বাহী অফিসারের আদেশের ফটোকপি।
১৪। বেতন প্রদানের আবেদনেরর ফটোকপি।
১৫। ১৮/০৮ অন্য মামলার রায়ের ফটোকপি।
১৬। জি আর ৪২/০৮ মামলার রায়ের ফটোকপি।
১৭। দায়িত্ব বুঝাইয়া দেওয়ার আদেশের ফটোকপি।
১৮। নির্বাহী অফিসারকে অবহিত করন চিঠির ফটোকপি।
১৯। খামসহ চিঠির ফটোকপি।
২০। ম্যানেজিং কমিটির অনুমোদন পত্রের ফটোকপি।
২১। চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের ফটোকপি।
২২। চূড়ান্ত কারন দর্শানো নোটিশের জবাবের ফটোকপি।
২৩। এম.পি.ও ও বেতন ভাতার বিল বিবরনীর ফটোকপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাম: মোঃ আবদুছ ছালাম
Name: Md Abdus Salam
পিতা: মৃত উমেদ আলী
মাতা: মোছাঃ আয়শা আক্তার
Date of Birth: 01 Jul 1967
ID NO: 7214781091153

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: গ্রাম/রাস্তা: নওহাটা, নওহাটা, ডাকঘর: পেমই - ২৪৮০, কেন্দুয়া, নেত্রকোণা

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর     প্রদানের তারিখ: ০১/০৮/২০০৮